

রা হাদিস শাস্ত্রের পরিভাষা পরিচিতি

বিভাগ/অধ্যায়ঃ উসুলে হাদিসের উৎপত্তি ও ক্রমবিকাশ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

'ইবনে সালাহ'র হাতে উসুলে হাদিসের জাগরণ

হাদিসের প্রসিদ্ধ মুহাদ্দিস হাফেয আবু আমর উসমান ইব্নুস সালাহ শাহরুযুরি (মৃ.৬৪৩হি.) উসুলে হাদিসের উপর"علوم الحديث নামে বিখ্যাত গ্রন্থ রচনা করেন, যা "علوم الحديث নামে প্রসিদ্ধ। কয়েকটি বৈশিষ্ট্যের এ কিতাব সবচেয়ে বেশী সমাদৃত:

১. হাদিসের প্রায় সকল প্রকার উল্লেখ করা হয়, যা পূর্বের কিতাবসমূহে বিক্ষিপ্ত ছিল। এতে ৬৫-প্রকার হাদিস রয়েছে। ২. পাঠকদের সুবিধার্থে সনদ উল্লেখ করা হয়নি, পূর্বের কিতাবগুলো যার দ্বারা পূর্ণ ছিল। ৩. সহজ ও সাবলীল ভাষায় হাদিসের নীতিমালা সূক্ষভাবে প্রণয়ন করা হয়। ৪. পূর্বের আলেমদের বাণী ও আমল থেকে বিভিন্ন মাসাআলা বের করা হয়। ৫. সংজ্ঞাসহ প্রত্যেক প্রকার উল্লেখ করা হয়, যার সংজ্ঞা পূর্বে ছিল না তার সংজ্ঞা তৈরি করা হয়। ৬. পূর্ববর্তী আলেমদের নীতি ও অনুসৃত পদ্ধতির সুন্দর সমালোচনা করা হয়। এ জন্য আলেমগণ মনে করেন, এ কিতাব মুহাদ্দিসদের সামনে উসুলে হাদিসের নতুন দ্বার উন্মুক্ত করে দিয়েছে।

পরবর্তী আলেমগণ 'ইবনে সালাহ'র কিতাব যথেষ্ট গুরুত্বের সাথে গ্রহণ করেন, কেউ তার সংক্ষিপ্ত লিখেন, কেউ তার ব্যাখ্যা লিখেন, কেউ ব্যাখ্যার সংক্ষিপ্ত লিখেন, কেউ তার কিতাবকে কবিতার আকৃতি দেন, কেউ কবিতার ব্যাখ্যা লিখেন এবং কেউ তার নীতিমালার সমালোচনা করেন। ইব্নুস সালাহ ও তার কিতাব এতটাই গ্রহণযোগ্য যে, উসুলের হাদিসের মূল কিতাব বললে তার কিতাব বুঝানো হয় এবং শায়খ বললে তিনি উদ্দেশ্য হন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8350

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন